দৈনিক ইনকিলাব

তারিখ DEC 2 1 1999
পৃষ্ঠা ২ কলাম ৪

১০২

# ২০০০ সালে ২৬ দিনের সরকারী ছুটি অনুমোদিত

## ঢাকা বিশ্ববিদ্যালয়ের ডক্টরেট ডিগ্রী লাভের জন্য প্রধানমন্ত্রীকে মন্ত্রী সভার অভিনন্দন

তথ্য বিবরণী ঃ মন্ত্রী সভা গণতন্ত্রের প্রতিষ্ঠা ও চর্চা, শান্তির সংস্কৃতি সৃষ্টি, নিরক্ষরতা দূরীকরণ, দারিদ্র্য বিমোচন ও নারীর ক্ষমতায়নে অসামান্য অবদানের স্বীকৃতিস্বরূপ ঢাকা বিশ্ববিদ্যালয়ের

২-এর পৃঃ ৮-এর কঃ দেখুন

## মন্ত্রী সভার বৈঠক

প্রথম পৃষ্ঠার পর

সম্মানসূচক ডক্টর অব ল ডিগ্রী পাওয়ায় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে অভিনন্দিত করেছে। মন্ত্রী সভা, ঢাকা বিশ্ববিদ্যায়ের সম্মানসূচক ডক্টর অব সায়েন্স ডিগ্রী পাওয়ায় নোভেল পুরস্কার বিজয়ী অর্থনীতিবিদ প্রফেসর অমর্ত্য সেনকেও অভিনন্দন জানায়।

গতকাল প্রধানমন্ত্রীর কার্যালয়ের মন্ত্রী সভা কক্ষে অনুষ্ঠিত মন্ত্রী সভার নিয়মিত বৈঠকে প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে এ অভিনন্দন জানানো হয়। প্রধানমন্ত্রী শেখ হাসিনা বৈঠকে সভাপতিত্ব করেন।

মন্ত্রী সভা ২০০০ খৃষ্টীয় সালের ছুটির তালিকা অনুমোদন করে। তালিকা অনুযায়ী সাধারণ ছুটি ১৫ দিন ও নির্বাহী আদেশে সরকারী ছুটি ১১ দিন নির্ধারণ করা হয়েছে। এছাড়া বিভিন্ন ধর্মাবলম্বীদের ঐচ্ছিক ছুটিরও অনুমোদন করা হয়।

মন্ত্রী ও বিভিন্ন মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত প্রতিমন্ত্রীগণ বৈঠকে অংশগ্রহণ করেন। মন্ত্রী পরিষদ সচিব, মুখ্য সচিব ও সংশ্লিষ্ট সচিবগণ এতে উপস্থিত ছিলেন।